

“শেখ হাসিনার উদ্যোগ,  
ঘরে ঘরে বিদ্যুৎ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানী উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)  
আইইবি ভবন (১১ তলা), রমনা, ঢাকা  
[www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd)



নং: ২৭.০২.০০০০.০২২.১৮.০০১.২২-২৪৭

তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ

### ৩য় জ্বালানী নিরীক্ষক সনদ পরীক্ষার বিজ্ঞপ্তি

জ্বালানী দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা-২০১৬ এবং জ্বালানী নিরীক্ষা প্রবিধানমালা-২০১৮ অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানীর বৃহৎ ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহে জ্বালানীর দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার চিহ্নিত এবং নিশ্চিত করতে স্রেডা দেশে পর্যাপ্ত সংখ্যক জ্বালানী নিরীক্ষক তৈরীর লক্ষ্যে ৩য় জ্বালানী নিরীক্ষক সনদ পরীক্ষা আয়োজন করতে যাচ্ছে।

২. জ্বালানী নিরীক্ষা প্রবিধানমালা-২০১৮ অনুযায়ী জ্বালানী নিরীক্ষক সনদ পরীক্ষায় অংশগ্রহণের নিম্নবর্ণিত যেকোনো যোগ্যতা থাকতে হবে, যথা:-

- ❖ বিদ্যুৎ ও জ্বালানী সংক্রান্ত বিষয়ে অনূন্য ৩ (তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কেমিকেল বা ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানী সংক্রান্ত বিষয়ে অনূন্য ২ (দুই) বছরের কর্ম অভিজ্ঞতাসহ মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কেমিকেল বা ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকসহ প্রকৌশলে অথবা ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানী সংক্রান্ত বিষয়ে অনূন্য ৩ (তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ পদার্থবিদ্যা, গণিত শাস্ত্র, ইলেক্ট্রনিক্স বা রসায়ন শাস্ত্রে স্নাতক পর্যায়ে পদার্থবিদ্যা এবং গণিত শাস্ত্র থাকিতে হইবে) স্নাতকোত্তর ডিগ্রি; অথবা
- ❖ বিদ্যুৎ ও জ্বালানী সংক্রান্ত বিষয়ে অনূন্য ৭ (সাত) বছরের কর্ম অভিজ্ঞতাসহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা পাওয়ার বিষয়ে ডিপ্লোমা ও কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে জ্বালানী নিরীক্ষা বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত।

৩. উক্ত পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী যথাযথ যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের আগামী ১৫ অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে।

অনলাইন আবেদন ফরমের লিংক: <https://forms.gle/ZUv5xzQmAD3GedS68>

৪. উল্লেখ্য, আবেদন প্রাপ্তির পর স্রেডা কর্তৃক যাচাইয়ের মাধ্যমে প্রাথমিকভাবে যোগ্য আবেদনকারী নির্বাচন করা হবে। পরবর্তীতে প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারী কর্তৃক পরীক্ষা এবং আবেদন ফি বাবদ মোট ১০,০০০/- (দশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদান সাপেক্ষে চূড়ান্তভাবে যোগ্য পরীক্ষার্থী নির্বাচন করা হবে। এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত যোগ্যতা অনুসারে ন্যূনতম যোগ্যতাসম্পন্ন না হলে আগ্রহী প্রার্থীদের আবেদন করতে নিরুৎসাহিত করা হচ্ছে।

৫. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত প্রার্থীদের অভিজ্ঞতার সময়কাল গণনা করা হবে।

৬. অনলাইনে আবেদনের সময় সদ্য তোলা ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও সংশ্লিষ্ট অভিজ্ঞতার সনদ/ প্রমাণক এর কপি সংযুক্ত করতে হবে।

৭. অনলাইনে অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮. প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীর তালিকা এবং ফি জমাদানের প্রক্রিয়া পরবর্তীতে যথাসময়ে স্রেডা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৯. চূড়ান্তভাবে যোগ্য পরীক্ষার্থীদের তালিকা, পরীক্ষার তারিখ, স্থান ও সময় সূচি পরবর্তীতে স্রেডার ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই বিজ্ঞাপন বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে।

স্বা/ =

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)

সহকারী পরিচালক (জ্বালানী নিরীক্ষা ও এক্রিডিটেশন)